

# আইসিটি পরীক্ষায় অনুপস্থিত প্রায় ১৬শ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম



চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমান (এসএসসি) পরীক্ষার ৬ষ্ঠ দিনে গতকাল বুধবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরীক্ষায় অনুপস্থিত ছিল ১৫৯১ জন পরীক্ষার্থী।

চট্টগ্রাম শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক নারায়ণ চন্দ্র নাথ বলেন, ‘৬ষ্ঠ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা কেন্দ্রের সার্বিক পরিস্থিতি ভালো ছিল। বুধবারের পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষাবোর্ডে অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৫৯১ জন। তবে আগের দিনের চেয়ে অনুপস্থিতির সংখ্যা কমেছে।’

চট্টগ্রাম শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, চট্টগ্রাম, কক্সবাজার ও তিন পার্বত্য জেলার ২১৬টি কেন্দ্রে মোট ১ লাখ ৪০ হাজার ৮৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ১ লাখ ৩৯ হাজার ২৪২ জন পরীক্ষার্থী। অনুপস্থিত পরীক্ষার্থীর হার শতকরায় ১ দশমিক ১৩ ভাগ প্রায়।

এরমধ্যে চট্টগ্রামে অনুপস্থিত ছিল ১ হাজার ৫৪ জন। কক্সবাজারে অনুপস্থিত ছিল ২৮৯ জন। রাঙামাটি জেলায় ৭ হাজার ৩৩৩ জনের মধ্যে অংশ নেয় ৭ হাজার ২৫৭ জন। অনুপস্থিত ছিল ৭৬ জন পরীক্ষার্থী।

একইভাবে খাগড়াছড়ি জেলায় ৮ হাজার ১৪৩ জনের মধ্যে পরীক্ষায় অংশ নেয় ৮ হাজার ৪০ জন এবং অনুপস্থিত ছিল ১০৩ জন। বান্দরবান জেলায় ৪ হাজার ৬৯৩ জনের মধ্যে অংশ নেয় ৪ হাজার ৬২৪ জন এবং অনুপস্থিত ছিল ৬৯ জন পরীক্ষার্থী।